DG-5899-BD ২৬/০৭/২৬


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
সহকারী পোস্টমাস্টার জেনারেল কাম পোস্টমাস্টার
নোয়াখালী প্রধান ডাকঘর এর কার্যালয়, নোয়াখালী
Email: pmnoakhaliho@gmail.com


স্মারক নং- বি-১/স্টাফ/নিয়োগ/৩য় খন্ড/২৬ তারিখ নোয়া. ১২/০৭/২০২৬খ্রি.

# নিয়োগ পত্র

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-১৪.০০.০০০০.০০৭.১৮.০০১.১৪.৫৫তারিখ: ১৬/০৫/২০২৪খ্রিঃ এর প্রেক্ষিতে ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা এর স্মারক নং- ১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.২৪.৫৫তারিখ: ১৯/০৯/২০২৪ খ্রি: এবং স্মারক নং-১৪.৩১.০০০০.০২৯.১১.০০১.২৪.৫৫ তারিখ: ২২/০১/২০২৫ খ্রি:মূলে প্রাপ্ত পূর্বাঞ্চল, চট্টগ্রাম সার্কেলের আওতাধীন বিভিন্ন ইউনিটের রাজস্বখাতভূক্ত ১৪-২০ গ্রেডের (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) বিভিন্ন কাটাগরির পদের ছাড়পত্রের আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.০৬.১৫.২২-১২৬ তারিখ ২৩ মে, ২০২৩ খ্রি: এর নির্দেশনা মোতাবেক স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত নির্বাচন/বাছাই কমিটির প্রত্যক্ষ তত্ত্বাবধানে গৃহিত **পোস্টম্যান** পদের প্রতিযোগিতামূলক পরীক্ষায় কৃতকার্য হওয়ার প্রেক্ষিতে চূড়ান্তভাবে সুপারিশ প্রাপ্ত হওয়ায় নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীদেরকে (মেধাক্রম অনুযায়ী) নোয়াখালী প্রধান ডাকঘর এর **পোস্টম্যান (গ্রেড-১৭)** এর শূন্য পদে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী **৯০০০-২১৮০০/-** টাকার বেতনক্রমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

| ক্রমিক নং | মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১ | ১ম | ২৬০১৬০৫৩ | আল আমিন পিতা- মোঃ ইসমাইল হোসেন মাতা- জেসমিন বেগম | হোল্ডিং নং চুড়ি বাড়ী, গ্রাম-করইতলা, ওয়ার্ড নং ৯, ডাকঘর-রমারখীল, উপজেলা-লক্ষ্মীপুর সদর, জেলা-লক্ষ্মীপুর |
| ০২ | ২য় | ২৬০০২৮৬৬ | নওয়াজ শরীফ, পিতা- আবদুর রশিদ খান, মাতা- ছালহা বেগম | বাড়ির নাম: আবদুর রশিদের বাড়ী, গ্রাম+ডাক- চরলরেঞ্চ ওয়ার্ড নং ০৯ উপজেলা-কমলনগর জেলা-লক্ষ্মীপুর |
| ০৩ | ৩য় | ২৬০১৫৩৭৭ | আবু তাহের পিতা- আবুল হাশেম, মাতা- আমেনা বেগম | জসিমের বাড়ী, গ্রাম- চর বজলুল করিম, ওয়ার্ড ০৫ ডাকঘর-চরবাটা, উপজেলা-সুবর্ণচর, জেলা-নোয়াখালী |
| ০৪ | ৪র্থ | **২৬০১০০৪১** | ওমর ফারুক, পিতা-মনির আহাম্মদ মাতা- সাফিয়া খাতুন | **বাসা/হোল্ডিং- মনির মেম্বার এর বাড়ী ,গ্রাম+ ডাক:-পশ্চিম চর** জব্বার উপজেলা-সুবর্ণচর জেলা-নোয়াখালী। |

শর্তাবলীঃ

১) প্রার্থীকে আগামী ২৮/০৭/২০২৬ খ্রি: তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী প্রধান ডাকঘর এ যোগদান পত্র দাখিল করতে হবে। অন্যথায় এই নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

২) প্রার্থীকে যোগদানের সময় Online Applicant's Copy, শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি, প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি এবং লিখিত পরীক্ষার প্রবেশ পত্র জমা প্রদান করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসমূহের মূলকপি যোগদানের সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

৩) কোটায় নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে (প্রযোজ্য ক্ষেত্রে) যোগদানকালে সংশ্লিষ্ট সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে এবং মূলকপি যোগদানের সময় আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

৪) উপস্থাপিত সনদপত্র/সনদপত্রসমূহ যোগদানকালে বা যোগদানের পর যে কোন সময় ভুয়া/অসত্য প্রমাণিত হলে কোনরুপ কারণ দর্শানো ব্যতীত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৫) প্রার্থীকে যোগদানের সময় সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র এবং ডোপ টেস্ট সনদ দাখিল করতে হবে। স্বাস্থ্যগত যোগ্যতা সংক্রান্ত প্রচলিত সরকারি সকল নিয়ম-কানুন এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৬) প্রার্থীকে ২ (দুই) বৎসরের শিক্ষানবিশকাল অতিবাহিত করতে হবে। এই ২ (দুই) বৎসর শিক্ষানবিশকাল সন্তোষজনক হলে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে। শিক্ষানবিশকালে বিধি মোতাবেক বেতন ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন। শিক্ষানবিশকাল সন্তোষজনক না হলে চাকরি হতে অব্যাহতি দেয়া যাবে।

৭) চাকরিতে যোগদানের ০২ (দুই) মাসের মধ্যে প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন কার্য সম্পন্ন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে বা কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীকে কোনরূপ কারণ দর্শানো ব্যতীত চাকরিচ্যূত করা যাবে।

৮) প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় 'যৌতুক দেব না, যৌতুক নেব না' মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৯) চাকরিতে যোগদানের সময় প্রার্থীকে 'সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা-১৯৭৯' এর ১৩(১) উপবিধি অনুযায়ী সম্পদের বিবরণী দাখিল করতে হবে।

১০) এই নিয়োগাদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি কর্মচারি (আচরণ) বিধিমালা-১৯৭৯', 'সরকারি চাকরি আইন-২০১৮' পিও ম্যানুয়েল এর সংশ্লিষ্ট বিধির শর্তাদি, সরকারি প্রচলিত বিধি-বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে।

১১) পরবর্তীকালে প্রার্থীর কোন যোগ্যতার বা কাগজপত্রের ঘাটতি, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ, স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে গরমিল, অসত্য তথ্য প্রদান বা উল্লেখযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১২) এই নিয়োগাপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ ডাক অধিদপ্তর, সরকারের আইন, বিধিমালা, আদেশে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান/নির্দেশাবলী দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১৩) এই নিয়োগপত্রে কোন ভুলত্রুটি পরিলক্ষিত হলে যথাযথ কর্তৃপক্ষ তা সংশোধনের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪) চাকরিতে যোগদানের জন্য নিয়োগাদেশে বর্ণিত প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বাঃ
( মোঃ শাহজাহান)
সহকারী পোস্টমাস্টার জেনারেল
কাম পোস্টমাস্টার (চঃ দা.)
নোয়াখালী প্রধান ডাকঘর

স্মারক নং- বি-১/স্টাফ/নিয়োগ/৩য় খন্ড/২৬ তারিখ নোয়া. ১৬/০৭/২০২৬খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো। ( জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
২। পোস্টমাস্টার জেনারেল, পূর্বাঞ্চল, চট্টগ্রাম-৪১০০
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (ডাক), সেগুনবাগিচা, ঢাকা-১০০০
৪। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ ( ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। জুনিয়র হিসাব রক্ষক, নোয়াখালী প্রধান ডাকঘর (আইবাস++ এ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের নির্দেশসহ)
৬। ডাকঘর পরিদর্শক (শহর), নোয়াখালী প্রধান ডাকঘর ।
৭। জনাব ------------------------------------------------- পিতা-----------------------
গ্রাম-------------------------------- পো:--------------------
উপজেলা- জেলা:---------------- মোবাইল নং -------------
৮। অফিস কপি।

১৬/৭/২৬
( মোঃ শাহজাহান)
সহকারী পোস্টমাস্টার জেনারেল
কাম পোস্টমাস্টার (চঃ দা.)
নোয়াখালী প্রধান ডাকঘর